

উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার- এর

সভার কার্যবিবরণী




সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ কালিহাতি, টাঙ্গাইল।

সভা নং- ০১

সময়: বিকেল ৪:৩০ হইতে বিকেল ৫:৩০ পর্যন্ত

তারিখ- ০৭/০২/২০২৪ ইং

উপস্থিত সদস্যগণের নামের তালিকা:

ক্রঃ নং	নাম, পদবী ও ঠিকানা	স্বাক্ষর
০১	জনাব শাহাদাত হুসেইন উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।	
০২	জনাব মোহাম্মদ সিফাত বিন সাদেক সহকারী কমিশনার, (ভূমি) কালিহাতি, টাঙ্গাইল।	
০৩	জনাব লিজন হোসাইন সদস্য, নিজেরা শিখি (নিশি), রামপুর, কালিহাতি, টাঙ্গাইল।	

অদ্য তারিখ রোজ বুধবার বিকেল ৪:৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিহাতি, টাঙ্গাইল-এ “উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার” নামক একটি উদ্ভাবনী প্রতিষ্ঠান প্রতিষ্ঠার বিষয়ে প্রতিষ্ঠাতা সদস্যগণের এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। অদ্যকার সভায় সভাপতিত্ব করেন- জনাব শাহাদাত হুসেইন, উপজেলা নির্বাহী অফিসার কালিহাতি, টাঙ্গাইল মহোদয়।

আলোচ্য বিষয়:

১. “উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার” প্রতিষ্ঠার বিষয়ে প্রাথমিক আলোচনা।
২. উপরোক্ত বিষয়ের উপর আইসিটি বিভাগের উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখায় প্রকল্প প্রস্তাবনা দাখিল।
৩. বিবিধ।

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় কালিহাতি উপজেলার প্রান্তিক জনগোষ্ঠীকে স্মার্ট ও দক্ষ নাগরিক হিসেবে গড়ে তোলা এবং উপজেলায় বাস্তবায়িত সকল উন্নয়নমূলক কার্যক্রম, ইতিহাস, ঐতিহ্যের তথ্যবহুল্য ভিডিও ডকুমেন্টারি নির্মাণ ও সোশ্যাল মিডিয়ায় প্রচারণার মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি এবং

বর্তমান উন্নয়ন ও সমাজ ব্যবস্থাপনার বিষয়ে ভবিষ্যৎ প্রজন্মের কাছে তুলে ধরার একটি ক্ষেত্র “উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার” নামক প্রতিষ্ঠান প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণ করা হয়। ১ (এক) নং আলোচ্য বিষয়ের ভিত্তিতে অত্র প্রতিষ্ঠান প্রতিষ্ঠার উদ্যোগ এবং যাবতীয় সকল প্রদক্ষেপ গ্রহণের বিশদ ও বিস্তারিত আলাপ-আলোচনা হয়। আলোচনান্তে জনাব লিজন হোসাইন, সদস্য, নিজেরা শিখি (নিশি), রামপুর, কালিহাতি, টাঙ্গাইল- কে উদ্ভাবনী প্রতিষ্ঠান “উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার” প্রতিষ্ঠার বিষয়ে প্রাথমিক ও যাবতীয় কার্যক্রমের দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

২ নং আলোচ্য বিষয়ে, জনাব লিজন হোসাইন, সদস্য, নিজেরা শিখি (নিশি) অত্র প্রতিষ্ঠান প্রতিষ্ঠার বিষয়ে আইসিটি বিভাগের উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখায় প্রকল্প প্রস্তাবনা দাখিলের প্রস্তাব পেশ করেন। এ বিষয়ে প্রতিষ্ঠাতা সদস্যদের মধ্যে বিশদ ও বিস্তারিত আলাপ-আলোচনা হয়। আলোচনান্তে জনাব মোহাম্মদ সিফাত বিন সাদেক, সহকারী কমিশনার, (ভূমি) কালিহাতি, টাঙ্গাইল মহোদয় এবং লিজন হোসাইন কে প্রকল্প প্রস্তাবনা প্রস্তুত সহ যাবতীয় কার্যক্রম সম্পাদনের দায়িত্ব প্রদান পূর্বক, জনাব শাহাদাত হুসেইন, উপজেলা নির্বাহী অফিসার কালিহাতি, টাঙ্গাইল মহোদয়কে মনোনিত করে ২৮/০২/২০২৪ ইং তারিখে আইসিটি বিভাগের উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখায় উক্ত প্রস্তাবনা দাখিলের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত অনুমোদিত হয়।

বিবিধ বিষয় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সুস্বাস্থ্য মঞ্জল কামনা করে উক্ত সভার সমাপ্ত ঘোষণা করেন।

শাহাদাত হুসেইন
উপজেলা নির্বাহী অফিসার
কালিহাতি, টাঙ্গাইল।

09/02/24